

প্রহরশেষের আলোয় রাঙা সেদিন চৈত্রমাস-
তোমার চোখে দেখেছিলাম আমার সর্বনাশ ॥
এ সংসারের নিত্য খেলায় প্রতিদিনের প্রাণের মেলায়
বাটে ঘাটে হাজার লোকের হাস্য-পরিহাস-
মাঝখানে তার তোমার চোখে আমার সর্বনাশ ॥
আমের বনে দোলা লাগে, মুকুল পড়ে ঝ'রে—
চিরকালের চেনা গন্ধ হাওয়ায় ওঠে ভ'রে ।
মঞ্জরিত শাখায় শাখায়, মউমাছিদের পাখায় পাখায়,
ক্ষণে ক্ষণে বসন্তদিন ফেলেছে নিশ্বাস-
মাঝখানে তার তোমার চোখে আমার সর্বনাশ ॥

Parjaay: Natya-geeti

Visit www.geetabitan.com for notation and other detail